

## আহত পুলিশ সদস্যদের দেখতে হাসপাতালে স্বাস্থ্য মন্ত্রী

ঢাকা, ৩১ জানুয়ারি ২০১১:

মুন্সীগঞ্জের শ্রীনগরের আড়িয়াল বিলে জনতার সাথে সংঘর্ষে আহত এবং ঢাকা ও সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন পুলিশ সদস্যদের দেখতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডাঃ আ ফ ম রুহুল হক আজ এ দুই হাসপাতালে যান। তিনি আহতদের শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজখবর নেন এবং তাদের প্রতি সহানুভূতি প্রকাশ করেন। পাশাপাশি তিনি তাদের জন্য সর্বোচ্চ চিকিৎসা সেবা নিশ্চিত করার আশ্বাস দেন।

মন্ত্রী সংশ্লিষ্ট চিকিৎসকদের সাথে আহতদের চিকিৎসার বিষয়ে মতবিনিময় করেন এবং সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করার জন্য নির্দেশ দেন।

মুন্সী জালাল উদ্দিন  
সিনিয়র তথ্য অফিসার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
ফোন: ৭১৬৫০২৪, ০১৯১৩০১৩৩৩২।